**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা

এবং

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০১৬ – ৩০ জুন ২০১৭

# সূচিপত্র


জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ------------------------------------------------ ৩

উপক্রমণিকা ------------------------------------------------------------------------------------ ৪

সেকশন ১: জাতীয় সঞ্চয় অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী------------------------------------------------------------------------------------ ৫

সেকশন ২: অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ----------- ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা ----------------- ৭

সংযোজনী-১: শব্দসংক্ষেপ (Acronyms) ------------------------------------------------------------ ১১

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ-------- ১২

সংযোজনী-৩: অন্যান্য বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ -- ১৪

# জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিকচিত্র

(Overview of the Performance of the Department of National Savings)

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কাজ জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ এবং বিক্ষিপ্তভাবে থাকা জনগণের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জাতীয় সঞ্চয় স্কীমের মাধ্যমে আহরণ করে সরকারের ঘাটতি বাজেটে অর্থায়ন করা। চলতি ২০১৫-১৬ অর্থবছরে জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে মোট ৪৯,০১০.০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে অক্টোবর ২০১৬ মাস পর্যন্ত ৪৩,১০৮ কোটি টাকা অর্জন হয়েছে; যা লক্ষ্যমাত্রার ৮৮ শতাংশ। আবার গত ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে মোট বিনিয়োগ লক্ষ্যমাত্রা ছিল যথাক্রমে ২১,৪২৫ কোটি ও ৩৪,৭৮০ কোটি টাকা; যার বিপরীতে অর্জন প্রায় ২৪,৩১০ কোটি ও ৪২,৬৫৯ কোটি টাকা; যা লক্ষ্যমাত্রার যথাক্রমে ১১৩ শতাংশ এবং ১২৩ শতাংশ। একইভাবে চলতি ২০১৫-১৬ অর্থবছরে জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে নীট ২১,০০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে অক্টোবর ২০১৬ মাস পর্যন্ত ২৬,৪৭৮.৭২ কোটি টাকা অর্জন হয়েছে; যা লক্ষ্যমাত্রার ১২৬ শতাংশ। আবার গত ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে নীট বিনিয়োগ লক্ষ্যমাত্রা ছিল যথাক্রমে ৮,০০০ কোটি ও ২১,০০০ কোটি টাকা; যার বিপরীতে অর্জন ১১,৭০৭ কোটি ও ২৮,৭৩২ কোটি টাকা; যা লক্ষ্যমাত্রার যথাক্রমে ১৪৬ শতাংশ ও ১৩৭ শতাংশ। তাছাড়া দাপ্তরিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জনবল বৃদ্ধিসহ পরিদপ্তর থেকে অধিদপ্তরে উন্নীত করা হয়েছে। দপ্তরের প্রধান নির্বাহীর পদটিকে পরিচালক হতে মহাপরিচালক পদে উন্নীত করা হয়েছে। গাজীপুর জেলাসহ ঢাকা শহরে অবস্থিত সকল জাতীয় সঞ্চয় ব্যুরোর জন্য পরীক্ষামূলকভাবে e-savings software চালু করা হয়েছে। এতে অল্প সংখ্যক জনবলের দ্বারা অধিক সংখ্যক বিনিয়োগকারীকে দ্রুত সেবা প্রদান করা সম্ভব হচ্ছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ**

নিজস্ব অবকাঠামোর অভাব, জনবলের স্বল্পতা, অপর্যাপ্ত লজিস্টিক সুবিধা, ম্যানুয়াল পদ্ধতিতে জাতীয় সঞ্চয় স্কিমের লেনদেন সম্পাদন।

**ভবিষ্যত পরিকল্পনাঃ**

জাতীয় সঞ্চয় স্কিমের লেনদেনসহ সঞ্চয় প্রশাসনের আধুনিকায়ন/ ডিজিটালাইজেশন করে তুলনামূলকভাবে স্বল্প সংখ্যক জনবল দ্বারা অধিক সংখ্যক গ্রাহকের সেবা প্রদান নিশ্চিতকরণের মাধ্যমে কাঙ্খিত মাত্রার সঞ্চয় আহরণের মাধ্যমে ঘাটতি বাজেটে অর্থায়ন করা, জাতীয় সঞ্চয় অধিদপ্তরের জন্য নিজস্ব ভবন নির্মানের উদ্যোগ গ্রহণ, নতুন ৪টি বিভাগে বিভাগীয় অফিস স্থাপন, অনুমোদিত ১২টি 'জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো' অফিস স্থাপন।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ✓ জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে নীট লক্ষ্যমাত্রা ১৯,৬১০.০০ (উনিশ হাজার ছয়শত দশ) কোটি টাকা সঞ্চয় আহরণ করে ঘাটতি বাজেটে অর্থায়ন করা হবে;
- ✓ সারা দেশের সকল জাতীয় সঞ্চয় ব্যুরোতে e-savings software চালু করা হবে। এতে অল্প সংখ্যক জনবলের দ্বারা অধিক সংখ্যক বিনিয়োগকারীকে দ্রুত সেবা প্রদান নিশ্চিত হবে;
- ✓ নতুন ৪টি বিভাগে বিভাগীয় অফিসসহ অনুমোদিত ১২টি 'জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো' অফিস স্থাপন;

# উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের দায়িত্বে নিয়োজিত সিনিয়র সচিব এবং

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মহাপরিচালক এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের --------------- তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল ।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন-১

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের রূপকল্প **(Vision)**, **অভিলক্ষ (Mission),** কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ **রূপকল্প (Vision):** সামগ্রিকভাবে সঞ্চয় ব্যবস্থাপনাকে আধুনিকায়নের মাধ্যমে অর্থনৈতিক অগ্রযাত্রাকে অব্যাহত রাখা।

১.২ **অভিলক্ষ (Mission):** জাতীয় উন্নয়নের অংশীদারিত্ব বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীকে সঞ্চয়ে সম্পৃক্তকরণ এবং কম্পিউটার বান্ধব সেবা প্রদান নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

**১.৩.১ অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ এবং বিক্ষিপ্তভাবে থাকা জনগণের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জাতীয় সঞ্চয় স্কীমের মাধ্যমে আহরণ করে সরকারের ঘাটতি বাজেটে অর্থায়ন করা;

২. জাতীয় সঞ্চয় প্রশাসনের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়ন করে অধিক সংখ্যক জনগণকে সঞ্চয়ে অন্তর্ভূক্তকরণ;

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা;

২.দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা;

৪. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;

৫. কর্ম পরিবেশ উন্নয়ন;

৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;

### ১.৪ কার্যাবলী (Functions)

১. সঞ্চয় স্কিমের স্ক্রিপ, রেজিষ্টার, ফরম ইত্যাদি মুদ্রণ, সংরক্ষণ ও বিতরণ;

২. সঞ্চয় স্কিমের হিসাব সংরক্ষণ ও সমন্বয় সাধন;

৩. বাংলাদেশ ব্যাংক, তফসিলী ব্যাংক, ডাকঘর ও সঞ্চয় অফিসসহ স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় সাধন;

৪. দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা;

৫. জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রশাসনিক কার্যক্রম পরিচালনা;

৬. ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা;

<u>সেকশন ২</u>

## অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন ২০১৫-২০১৬* | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| সঞ্চয় আহরণ বৃদ্ধি | ঘাটতি বাজেটে অর্থায়ন | কোটি টাকা | ২৮,৭৩২.৬৪ | ৩০,০৯২.৭৭ | ১৯,৬১০ | ২২,১৫০.০০ | ২৩,৭৫০.০০ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/অর্থ বিভাগ/জাতীয় সঞ্চয় অধিদপ্তর/ ডাক অধিদপ্তর/ বাংলাদেশ ব্যাংক/ তফসিলী ব্যাংক | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মাসিক বিনিয়োগ বিবরণী |

* মে/২০১৬ পর্যন্ত।

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| ১. জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ এবং বিক্ষিপ্তভাবে থাকা জনগণের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জাতীয় সঞ্চয় স্কীমের মাধ্যমে আহরণ করে সরকারের ঘাটতি বাজেটে অর্থায়ন করা | ৪৫ | ১. ঘাটতি বাজেটে অর্থায়ন | ১.১ অর্থের পরিমাণ | কোটি টাকা | ১২ | ২৮৭৩২ | ২৮,০০০* | ১৯,৫০০ | ১৮,৫০০ | ১৭,৫০০ | ১৬,৫০০ | ১৫,০০০ | ২২,১৫০ | ২৩,৭৫০ |
| | | ১.১ মুদ্রণ, সংরক্ষণ ও বিতরণ; | ১.১.১ সঞ্চয় স্কিমের স্ক্রিপ মুদ্রণ, সংরক্ষণ ও বিতরণ | সংখ্যা (লক্ষ) | ২ | ২৩ | ২৩ | ৩০ | ২৮ | ২৭ | ২৫ | ২৩ | ৩০ | ৩৫ |
| | | | ১.১.২ রেজিস্টার ও কুপন প্যাড মুদ্রণ, সংরক্ষণ ও বিতরণ | সংখ্যা (লক্ষ) | ২ | ২ | ২ | ৫ | ৪ | ৩ | ২.৫ | ২ | ৫ | ৭ |
| | | | ১.১.৩ ফরম মুদ্রণ, সংরক্ষণ ও বিতরণ | সংখ্যা (লক্ষ) | ২ | ৬ | ৬ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | ১২ |
| | | ১.২ সঞ্চয় স্কিমের হিসাব সংরক্ষণ ও সমন্বয়-সাধন | ১.২.১ মাসিক বিনিয়োগ বিবরণী প্রেরণ ও হিসাবের সমন্বয় সাধন | সংখ্যা | ৩ | ১২ | ১২ | ১২ | ১০ | ৮ | ৭ | ৬ | ১২ | ১২ |
| | | ১.৩ বাংলাদেশ ব্যাংক, তফসিলী ব্যাংক, ডাকঘর ও সঞ্চয় অফিসসহ স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় সাধন | ১.৩.১ ত্রৈমাসিক সমন্বয় সভাসহ স্টেকহোল্ডারদের সাথে সভার আয়োজন করা | সংখ্যা | ৩ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | ১.৪ ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা | ১.৪.১ দেশব্যাপী সঞ্চয় অভিযান/ সঞ্চয় সপ্তাহ পালন | সংখ্যা | ৩ | ৬৪ | ৬৪ | ৬৪ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৬৪ | ৬৪ |
| | | | ১.৪.২ বুকলেট, লিফলেট, সঞ্চয় ম্যাগাজিন এর মাধ্যমে প্রচার কার্যক্রম পরিচালনা | সংখ্যা (লক্ষ) | ৩ | ২.০ | ২.০ | ২.৫ | ২.৪ | ২.৩ | ২.২ | ২.০ | ৩.০ | ৩.২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশল-গত উদ্দে-শ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্ম-সম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | ১.৪ ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা | ১.৪.৩ ফেস্টুন, বিলবোর্ড এর মাধ্যমে প্রচার কার্যক্রম পরিচালনা | সংখ্যা (হাজার) | ৩ | ৫.০ | ৫.০ | ৫.০ | ৪.৮ | ৪.৬ | ৪.৪ | ৪.০ | ১০.০ | ১২.০ |
| | | | ১.৪.৪ গ্রামীন জনপদে উঠান বৈঠকের আয়োজন | সংখ্যা | ৩ | ০ | ১ | ১২ | ১০ | ৮ | ৬ | ৪ | ১২ | ১৮ |
| | | | ১.৪.৫ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্রিক উদ্বুদ্ধকরণ সভা | সংখ্যা | ৩ | - | - | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৬ |
| | | | ১.৪.৬ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রচার | সংখ্যা | ৩ | ২৭৯ | ২৩০ | ৬০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৬০ | ৬০ |
| ২. সঞ্চয় প্রশাসনের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়ন করে অধিক সংখ্যক জনগণকে সঞ্চয়ে অন্তর্ভুক্তকরণ | ৪০ | ২.১ কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ প্রদান | ২.১.১ সঞ্চয় স্কিমের বিধিমালা-নীতিমালা বিষয়ক | জন | ৮ | ৭৫০ | ৭৭৫ | ৮৫০ | ৮২০ | ৮০০ | ৭৮০ | ৭৭৫ | ৯০০ | ৯৫০ |
| | | | ২.১.২ অফিস ব্যবস্থাপনা, শুদ্ধাচার ও নৈতিকতা, কম্পিউটার বিষয়ক | জন | ৮ | ০ | ৩০০ | ৪০০ | ৩৮০ | ৩৫০ | ৩৩০ | ৩০০ | ৪০০ | ৪৫০ |
| | | ২.২ পর্যাপ্ত লজিস্টিক সুবিধা নিশ্চিতকরণসহ উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা | ২.২.১ অধিনস্থ অফিসসমূহে কম্পিউটার সরবরাহ প্রদান | সংখ্যা | ৮ | ৮১ | ০ | ১৩৩ | ১২০ | ১০০ | ৯০ | ৮০ | ১০০ | ১২০ |
| | | | ২.২.২ সারা দেশের সকল সঞ্চয় ব্যুরোতে e-savings software চালু করা | সংখ্যা | ১০ | ১ | ৬ | ৭১ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | - | - |
| | | | ২.২.৩ যানবাহন সরবরাহ বৃদ্ধি | সংখ্যা | ২ | - | - | ১ | - | - | - | - | ৪ | - |
| | | | ২.২.৪ প্রধান কার্যালয়ে সিসি ক্যামেরা স্থাপন; | সংখ্যা | ৪ | - | - | ৪ | ৩ | ২ | ১ | ০ | - | - |

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ (Target Value -2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর | ২৯ অক্টোবর |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত | তারিখ | ১ | ২৮ এপ্রিল ২০১৬ | ৫ মে ২০১৬ | ১২ মে ২০১৬ | ১৯ মে ২০১৬ | ২৬ মে ২০১৬ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়[1] | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১ ডিসেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| | | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | দপ্তর/সংস্থায় বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | ২ | ১ |
| | | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

[1] ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার; মহাপরিচালক-জাতীয় সঞ্চয় অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করব।

স্বাক্ষরিতঃ

| | |
|---|---|
| মহাপরিচালক<br>জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা | ২৮.০৬.২০১৭<br>তারিখঃ |
| সিনিয়র সচিব<br>অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ২৯/৬/১৭<br>তারিখঃ |

শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্র/নং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | | |
| | | |
| | | |
| | | |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রঃনং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | মুদ্রণ, সংরক্ষণ ও বিতরণ | সঞ্চয় স্কিমের স্ক্রিপ | দি সিকিউরিটি প্রিন্টিং প্রেস, গাজীপুর হতে সঞ্চয় স্কিমের স্ক্রিপ মুদ্রণ করে তা ব্যাংক, সঞ্চয় অফিস ও ডাকঘরের মাঝে প্রয়োজন অনুযায়ী বিতরণ করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | জাতীয় সঞ্চয় অধিদপ্তর-এর বার্ষিক প্রতিবেদন | |
| | | রেজিস্টার ও কুপন প্যাড | বিজি প্রেস হতে রেজিস্টার ও কুপন প্যাড মুদ্রণ করে তা ব্যাংক, সঞ্চয় অফিস ও ডাকঘরের মাঝে প্রয়োজন অনুযায়ী বিতরণ করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |
| | | ক্রয়ের আবেদন ফরম | বিজি প্রেস হতে মুদ্রণপূর্বক তা ব্যাংক, সঞ্চয় অফিস ও ডাকঘরের মাঝে প্রয়োজন অনুযায়ী বিতরণ করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |
| | সঞ্চয় স্কিমের হিসাব সংরক্ষণ ও সমন্বয়-সাধন | মাসিক বিনিয়োগ বিবরণী | সঞ্চয় স্কিমের লেনদেনের হিসাব ব্যাংক, ডাকঘর ও সঞ্চয় ব্যুরোসমূহ হতে সংগ্রহ করে মাসিক বিনিয়োগ বিবরণী প্রস্তুতকরণ এবং সি.জি.এ অফিসের সাথে সমন্বয়-সাধন করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |
| ০২. | ব্যাংক, ডাকঘর ও সঞ্চয় অফিসের সাথে সমন্বয়-সাধন | ত্রৈমাসিক সমন্বয় সভাসহ কহোল্ডারদের সাথে সভার আয়োজন করা | সঞ্চয় স্কীমের লেনদেন, পুন:ভরন, বিভিন্ন বিধি-বিধান এর ব্যাখ্যা নিয়ে আলোচনা করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |
| ০৩. | কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | সঞ্চয় স্কিমের বিধিমালা-নীতিমালা বিষয়ক | সঞ্চয় স্কিমের বিধিমালা-নীতিমালার প্রশিক্ষণ | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |
| | | অফিস ব্যবস্থাপনা, শুদ্ধাচার ও নৈতিকতা, কম্পিউটার বিষয়ক | অফিস ব্যবস্থাপনা, শুদ্ধাচার ও নৈতিকতা এবং কম্পিউটার প্রশিক্ষণ আয়োজন করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |
| ০৪. | প্রচার কার্যক্রম পরিচালনা করা | প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রচার কার্যক্রম পরিচালনা | জাতীয় সঞ্চয় স্কিমের প্রচার-প্রচারণার নিমিত্ত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন প্রদান; | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |
| | | দেশব্যাপী সঞ্চয় অভিযান পরিচালনা | দেশব্যাপী ৬৪ জেলা অফিস ও আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে সঞ্চয় অভিযান পরিচালনা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও এর আওতাধীন সকল বিভাগীয় ও জেলা কার্যালয় | | |
| | | বুকলেট, লিফলেট, সঞ্চয় ম্যাগাজিন-এর মাধ্যমে প্রচার কার্যক্রম পরিচালনা | জাতীয় সঞ্চয় স্কিমের প্রচার-প্রচারণার নিমিত্ত বুকলেট, লিফলেট, সঞ্চয় ম্যাগাজিন ইত্যাদি মুদ্রণ, সংরক্ষণ ও বিতরণ করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |
| | | ফেস্টুন, বিলবোর্ড এর মাধ্যমে প্রচার কার্যক্রম পরিচালনা | জাতীয় সঞ্চয় স্কিমের প্রচার-প্রচারণার নিমিত্ত ফেস্টুন, বিলবোর্ড এর মাধ্যমে প্রচার কার্যক্রম পরিচালনা করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |
| | | সেমিনার-সিম্পোজিয়াম, মেলা ও প্রদর্শনীর আয়োজন করা | জাতীয় সঞ্চয় স্কিমের প্রচার-প্রচারণার নিমিত্ত সেমিনার-সিম্পোজিয়াম, মেলা ও প্রদর্শনীর আয়োজন করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |
| | | গ্রামীন জনপদে উঠান বৈঠকের আয়োজন | সঞ্চয়ের গুরুত্ব সম্পর্কে গ্রামীন জনপদে উঠান বৈঠকের মাধ্যমে ক্ষুদ্র বিনিয়োগকারীদের সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ | জাতীয় সঞ্চয় অধিদপ্তরসহ অধিনস্থ সকল দপ্তর | | |

| ক্রঃনং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০৫. | পর্যাপ্ত লজিস্টিক সুবিধা নিশ্চিতকরণসহ উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা | কম্পিউটার সরবরাহ | সঞ্চয় ব্যুরোর দৈনন্দিন লেনদেন ও অন্যান্য কার্যাবলী সম্পাদনের জন্য কম্পিউটার সরবরাহ করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | জাতীয় সঞ্চয় অধিদপ্তর-এর বার্ষিক প্রতিবেদন | |
| | | সারা দেশের সকল সঞ্চয় বুরোতে e-savings software চালু করা | গ্রাহকদের সঞ্চয় স্কিমের সকল লেনদেন e-savings software -এর মাধ্যমে সম্পাদন করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |
| | | প্রধান কার্যালয়ে সিসি ক্যামেরা স্থাপন | জাতীয় সঞ্চয় অধিদপ্তর-এর প্রধান কার্যালয়ে রক্ষিত সঞ্চয়পত্রের স্ক্রিপসহ কার্যালয়ের নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের নিমিত্ত সিসি ক্যামেরা স্থাপন করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | |

## সংযোজনী-৩: অন্যান্য বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| সরকারি | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ১. কম্পিউটার সরবরাহ<br>২. যানবাহন সরবরাহ | যথাসময়ে প্রশাসনিক অনুমোদন। | যথাসময়ে অনুমোদন পেলে নির্ধারিত সময়ে বাস্তবায়ন সম্ভব হবে। | ১০০% | গ্রাহক সেবার মান উন্নীত করা সম্ভব হবে না। |
| স্বায়ত্ত-শাসিত | দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন, গাজীপুর। | সঞ্চয় স্কিমের স্ক্রিপ মুদ্রণ ও সরবরাহ | সময়মত এবং সঠিকভাবে মুদ্রণ ও সরবরাহ | সময়মত এবং সঠিকভাবে মুদ্রণ ও সরবরাহ করা হলে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। | ১০০% | ঘাটতি বাজেটে অর্থায়নে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে না। |
| সরকারি | বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা। | রেজিস্টার ও কুপন প্যাড; ক্রয়ের আবেদন ফরম, বার্ষিক প্রতিবেদন | সময়মত এবং সঠিকভাবে মুদ্রণ ও সরবরাহ | সময়মত এবং সঠিকভাবে মুদ্রণ ও সরবরাহ করা হলে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। | ১০০% | ঘাটতি বাজেটে অর্থায়নে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে না। |